**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 12-09-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) নয়াদিল্লির ভারত মন্ডপমে আজ থেকে শুরু হল অষ্টাদশতম ব্রিকস শীর্ষ সম্মেলন ।**

**(২) এডিসি'র ভিলেজ কমিটি নির্বাচনে ১৬৪০ জন প্রার্থী বিনা প্রতিদ্বন্দ্বিতায় জয়ী হয়েছেন ।**

**(৩) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা. মানিক সাহা বলেছেন, রামকৃষ্ণ মিশন ত্রান ও আর্তসেবায় সর্বদা নিয়োজিত।**

**(৪) সারা দেশের সঙ্গে রাজ্যেও আজ অনুষ্ঠিত হয়েছে তৃতীয় জাতীয় লোক আদালত ।**

**(৫) মহিলা ক্রিকেটে লংতরাই ভ্যালিকে দশ উইকেটে হারালো সদর দল।**

*********************************************************

**BRICS-1:**

নতুনদিল্লিতে ভারতের সভাপতিত্বে আজ থেকে শুরু হয়েছে ১৮তম ব্রিকস সম্মেলন। ভারত মণ্ডপমে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বিভিন্ন দেশের রাষ্ট্রনেতাদের স্বাগত জানান, যেখানে পটভূমি হিসেবে ছিল তামিলনাড়ুর রামেশ্বরমের ঐতিহাসিক রামনাথস্বামী মন্দিরের প্রতিকৃতি৷ দু'দিনের এই সম্মেলনে ১১টি সদস্য দেশ ও ১০টি অংশীদার দেশের প্রতিনিধিরা অংশ নিয়েছেন। বিশ্ব শাসনব্যবস্থা, বহুপাক্ষিকতা, বাণিজ্য ও বিনিয়োগ, প্রযুক্তি, খাদ্য ও জ্বালানি নিরাপত্তা, স্বাস্থ্য পরিষেবা, দুর্যোগ মোকাবিলা এবং গুরুত্বপূর্ণ সরবরাহ শৃঙ্খল

নিয়ে সম্মেলনে আলোচনা চলছে। ভারতের সভাপতিত্বে ২০২৬ সালের ব্রিকস সম্মেলনের মূল ভাবনা-'সহনশীলতা, উদ্ভাবন, সহযোগিতা ও স্থায়িত্বের জন্য নির্মাণ'।

ব্রিকস শিখর সম্মেলনে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেন, ভারত সবাইকে সঙ্গে নিয়ে চলায় বিশ্বাসী। সবাইকে মানবতার বিকাশের লক্ষ্যে এগিয়ে চলতে হবে। আগামী ২0 বছরের জন্য একটি নতুন ও উচ্চাকাঙ্ক্ষী কর্মপরিকল্পনা নিয়ে কাজ করতে হবে। এই কর্মপরিকল্পনা বা রোডম্যাপ তৈরির ক্ষেত্রে তিনটি মূল বিষয়ের ওপর গুরুত্ব দিতে হবে: প্রতিনিধিত্ব, সংবেদনশীলতা এবং বিধি-বিধান প্রণয়ন।

######## BYTE PM-1 ########

প্রধানমন্ত্রী বলেন, গত দুই দশকে বিশ্বমঞ্চে ব্রিকস এক স্বতন্ত্র পরিচিতি গড়ে তুলেছে। ব্রিকসভূক্ত দেশগুলির একে অপরের দৃষ্টিভঙ্গিকে সম্মান করে এবং সর্বসম্মত সিদ্ধান্তের ভিত্তিতে এগিয়ে যাচ্ছে। তিনি বলেন, ব্রিকসের প্রতিটি প্রচেষ্টার কেন্দ্রবিন্দুতে থাকবে মানবজাতির উন্নয়ন।

######## BYTE PM-2 ########

***************************

**ADC:**

এডিসি'র ভিলেজ কমিটি নির্বাচনে মোট ১৬80 জন প্রার্থী বিনা প্রতিদ্বন্দ্বিতায় জয়ী হয়েছেন। এর মধ্যে রয়েছে বিজেপির ৮১ জন, তিপরা মথার ১৫৫৭ জন, সিপিআইএমের ১ জন এবং অন্যান্য ১ জন। আগামী ২৮ সেপ্টেম্বর ৫৮৭টি ভিলেজ কমিটির মোট ৪৫৯৭ টি আসনের মধ্যে ২৯৫৭ টি আসনে ভোট গ্রহণ করা হবে।

***************************

**CM-Blood Donation:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা. মানিক সাহা রক্তদান সম্পর্কে যুবসমাজের মধ্যে আরও বেশি সচেতনতা গড়ে তোলার আহ্বান জানিয়েছেন| আজ আগরতলার ধলেশ্বরস্থিত রামকৃষ্ণ মিশন আশ্রম আয়োজিত স্বেচ্ছায় রক্তদান শিবিরে বক্তব্য রাখতে গিয়ে তিনি এই আহ্বান জানান| তিনি বলেন, রক্তের কোনও ধর্ম, বর্ণ বা জাত হয় না। রক্তদান মানুষের মধ্যে এক গভীর মানবিক বন্ধন তৈরি করে।

মুখ্যমন্ত্রী বলেন, রামকৃষ্ণ মিশন শুধু আধ্যাত্মিক চর্চার মধ্যেই সীমাবদ্ধ নেই। শিক্ষা, স্বাস্থ্য, দক্ষতা উন্নয়ন এবং বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগের সময় মানুষের পাশে দাঁড়িয়ে রামকৃষ্ণ মিশন দীর্ঘদিন ধরে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। রাজ্যে ভয়াবহ বন্যার সময়ও রামকৃষ্ণ মিশনের সন্ন্যাসী ও স্বেচ্ছাসেবকগণ যেভাবে ত্রাণ ও সেবামূলক কাজে এগিয়ে এসেছেন তা গর্বের বিষয়।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন ধলেশ্বর রামকৃষ্ণ মিশনের সম্পাদক স্বামী অমর্ত্যানন্দ, অবসরপ্রাপ্ত বিচারপতি স্বপন চন্দ্র দাস। উপস্থিত ছিলেন আগরতলা পুরনিগমের মেয়র দীপক মজুমদার|

***************************

**BRICS-2:**

নতুনদিল্লির ভারত মণ্ডপমে ১৮তম ব্রিকস শীর্ষ সম্মেলনের প্রথম দিনে সর্বসম্মতিক্রমে ‘নয়াদিল্লি ঘোষণা’ গৃহীত হয়েছে। এই ঘোষণায় জাতিসংঘ, বিশ্ব বাণিজ্য সংস্থা-সহ আন্তর্জাতিক প্রতিষ্ঠানগুলির সংস্কারের দাবি জানানো হয়েছে। জাতিসংঘ নিরাপত্তা পরিষদে ভারত ও ব্রাজিলের মতো উদীয়মান অর্থনীতির দেশগুলির প্রতিনিধিত্ব বাড়ানোর পাশাপাশি একতরফা শুল্ক,

বাণিজ্যিক বাধা ও অন্যায্য অর্থনৈতিক নিষেধাজ্ঞার বিরোধিতা করা হয়েছে। ঘোষণায় কূটনীতি ও সংঘাত প্রতিরোধের ওপর জোর দিয়ে গাজায় স্থায়ী যুদ্ধবিরতি এবং দুই-রাষ্ট্র সমাধানের মাধ্যমে ফিলিস্তিন সমস্যার মীমাংসার আহ্বান জানানো হয়েছে। জম্মু ও কাশ্মীরে ২০২৫ সালের সন্ত্রাসবাদী হামলারও নিন্দা জানানো হয়েছে।

এছাড়া স্থানীয় মুদ্রায় বাণিজ্য, কৃত্রিম বুদ্ধিমত্তার বৈশ্বিক নিয়মে বিশ্ব দক্ষিণের অংশগ্রহণ এবং খাদ্য ও স্বাস্থ্য ক্ষেত্রে সহযোগিতা বাড়ানোর ওপর জোর দেওয়া হয়েছে। ঘোষণায় ভারতের সভাপতিত্বের প্রশংসা করে ২০২৭ সালে চীনে পরবর্তী ব্রিকস শীর্ষ সম্মেলনের প্রতি সমর্থন জানানো হয়েছে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেন, এই ঘোষণা সদস্য দেশগুলির যৌথ সংকল্পের দিকনির্দেশনা দিয়েছে এবং তা বাস্তব ফলাফলে রূপান্তর করা সকলের যৌথ দায়িত্ব। পরিবর্তিত বিশ্বের চাহিদা অনুযায়ী আন্তর্জাতিক প্রতিষ্ঠানগুলিতে সংস্কারের প্রয়োজনীয়তার উপর জোর দিয়ে তিনি বলেন, বিশ্ব দক্ষিণের দেশগুলিকে সিদ্ধান্ত গ্রহণ ও ভবিষ্যৎ প্রযুক্তির নিয়ম নির্ধারণে আরও বেশি অংশীদার করতে হবে।

ব্রিকসের কাজের ধারাবাহিকতা বজায় রাখতে 'ব্রিকস ধারাবাহিকতা ও বাস্তবায়ন প্রক্রিয়া' গড়ে তোলার প্রস্তাব দেন প্রধানমন্ত্রী।

রাশিয়ার রাষ্ট্রপতি ভ্লাদিমির পুতিন, চীনের রাষ্ট্রপতি শি জিনপিং, দক্ষিণ আফ্রিকার রাষ্ট্রপতি সিরিল রামাফোসা, মিশরের রাষ্ট্রপতি আবদেল ফাত্তাহ আল-সিসি, ইন্দোনেশিয়ার রাষ্ট্রপতি প্রবোও সুবিয়ান্তো এবং ইরানের রাষ্ট্রপতি

মাসুদ পেজেশকিয়ান সহ একাধিক বিশিষ্ট বিশ্ব নেতা এই হাই-প্রোফাইল শীর্ষ সম্মেলনে অংশগ্রহণ করছেন। ব্রিকস শীর্ষ সম্মেলনটি ব্রাজিলের মতো ১১টি প্রধান উদীয়মান ও উন্নয়নশীল অর্থনীতিকে একত্রিত করছে, যার মধ্যে রয়েছে

ব্রাজিল, চীন, মিসর, ইথিওপিয়া, ইন্দোনেশিয়া, ভারত, ইরান, রাশিয়া, সৌদি আরব, দক্ষিণ আফ্রিকা এবং সংযুক্ত আরব আমির শাহী। অংশীদার দেশ হিসেবে বেলারুশ, বলিভিয়া, কাজাখস্তান, কিউবা, মালয়েশিয়া, নাইজেরিয়া, থাইল্যান্ড, উগান্ডা, উজবেকিস্তান এবং ভিয়েতনামও এই সম্মেলনে অংশ নিচ্ছে।

***************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে|

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপে৷ ফলো করুন - সোশ্যাল মিডিয়ায় ফেসবুক ও এক্স হ্যান্ডেল অল ইন্ডিয়া রেডিও নিউজ এবং ইনস্টাগ্রাম পেজ এ-আই-আর-নিউজ-এলার্টস। দেখুন অফিসিয়াল ইউটিউব চ্যানেল নিউজ-অন-এআইআর|

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউটিউবে আকাশবাণী নিউজ আগরতলা|

***************************

**Lok Adalat:**

সারা দেশের সঙ্গে রাজ্যেও এবছরের তৃতীয় জাতীয় লোক আদালত আজ অনুষ্ঠিত হয়| ত্রিপুরা হাইকোর্ট সহ রাজ্যের সব জেলা এবং মহকুমা আদালত প্রাঙ্গণে লোক আদালত অনুষ্ঠিত হয়। জাতীয় লোক আদালতে মোটর দুর্ঘটনায়

ক্ষতিপূরণ, বৈবাহিক মামলা, ব্যাংক ঋণ পরিশোধ সহ বিভিন্ন ধরনের মামলার নিস্পত্তি করা হয়।

গোমতী জেলা আইন পরিষেবা কর্তৃপক্ষের জেলা সচিব রাজা গুপ্ত জানান, উদয়পুর ও অমরপুর আদালতে মোট পাঁচটি বেঞ্চে এই লোক আদালত অনুষ্ঠিত হয়।

***************************

**Agriculture Minister:**

কৃষিমন্ত্রী রতনলাল নাথ বলেছেন, কৃষি মানবসভ্যতার অন্যতম ভিত্তি এবং ভবিষ্যতের খাদ্য ও গ্রামীণ অর্থনীতির প্রধান চালিকাশক্তি। আজ ত্রিপুরা কলেজ অব এগ্রিকালচারের ২০তম প্রতিষ্ঠা দিবস ও গ্র্যাজুয়েশন ডে ২০২৬ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে তিনি একথা বলেন।

তিনি বলেন, কৃষকের আয় বাড়াতে শুধুমাত্র উৎপাদন বৃদ্ধি যথেষ্ট নয়। কৃষকদের বাজারের সঙ্গে যুক্ত করতে হবে। কৃষি পণ্যের সঠিক মূল্য নিশ্চিত করা, উৎপাদন খরচ কমানো এবং জাতীয় ও আন্তর্জাতিক বাজারে কৃষকদের প্রবেশাধিকার তৈরি করাও সরকারের অন্যতম লক্ষ্য।

কৃষিমন্ত্রী আরও বলেন, কৃষির উৎপাদনশীলতার সঙ্গে মাটির স্বাস্থ্য, জীববৈচিত্র্য, জল সংরক্ষণ এবং পরিবেশের স্থায়িত্বের মধ্যে ভারসাম্য বজায় রাখতে হবে। কৃষি দুর্বল হলে গ্রামীণ অর্থনীতি ও খাদ্য নিরাপত্তা যেমন ক্ষতিগ্রস্ত হবে, তেমনই কৃষকের আয় ও কর্মসংস্থানেও প্রভাব পড়বে এবং পরিবেশের ওপর চাপ বাড়বে। তাই এমন কৃষিব্যবস্থা গড়ে তুলতে হবে, যা জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবিলা করতে সক্ষম।

***************************

**SMHA:**

রাজ্যে অনুমোদনহীন ১৯টি বেসরকারি পুনর্বাসন কেন্দ্র ও মানসিক স্বাস্থ্য প্রতিষ্ঠানের বিরুদ্ধে কারণ দর্শানোর নোটিশ জারি করেছে স্টেট মেন্টাল হেলথ অথরিটি। গত ৯ সেপ্টেম্বর জারি করা নোটিশে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলিকে সাত দিনের মধ্যে জবাব দিতে বলা হয়েছে। মানসিক স্বাস্থ্যসেবা আইন, ২০১৭ অনুযায়ী বৈধ নিবন্ধন ছাড়া রিহ্যাব পরিচালনা বেআইনি। পাশাপাশি নিরাপত্তা, খাদ্যগুণ, পরিকাঠামো, প্রতিবন্ধীবান্ধব ব্যবস্থা ও বায়োমেডিক্যাল সেফটির নির্ধারিত মান না মানার অভিযোগও রয়েছে ঐ প্রতিষ্ঠানগুলির বিরুদ্ধে।

****************************

## Media Workshop:

তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহায়তায় এবং সোনামুড়া প্রেস ক্লাবের উদ্যোগে আজ সোনামুড়া টাউন হলে সাংবাদিকদের এক কর্মশালা অনুষ্ঠিত হয়। উদ্বোধন করেন উপ-সমাহর্তা সৌমেন দেবনাথ৷ কর্মশালায় মহকুমার বিভিন্ন প্রান্ত থেকে ৪0 জনেরও বেশি সাংবাদিক ও সংবাদকর্মী অংশগ্রহণ করেন।

****************************

## Condolence:

শুক্রবার রাতে প্রয়াত হলেন প্রাক্তন বিধায়ক তাপস দে| মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮১ বছর৷ তিনি বিগত তিন দশকের বেশি সময় ধরে আগরতলা প্রেস ক্লাবের সদস্য ছিলেন| ১৯৭২ সালে শালগড়া থেকে তিনি বিধায়ক হিসেবে নির্বাচিত হন| আজ দুপুরে প্রেস ক্লাবে তাঁর মরদেহে পুস্পার্ঘ্য নিবেদেন করে শ্রদ্ধা জানান রাজ্যের বিভিন্ন সাংবাদিক সহ তথ্য সংস্কৃতি দপ্তরের আধিকারিকেরা|

****************************

## Women Cricket:

রাজ্যভিত্তিক মহিলা ক্রিকেটে আজ তিনটি কোয়ার্টার ফাইনাল ম্যাচ অনুষ্ঠিত হয়। জামজুরি মাঠে অনুষ্ঠিত কোয়ার্টার ফাইনাল ম্যাচে বিশালগড় ১১৪ রানে শান্তিরবাজারকে হারিয়েছে। তালতলা মাঠে অনুষ্ঠিত ম্যাচে সদর দশ উইকেটে লংতরাই ভ্যালিকে এবং বিলোনিয়া বিদ্যাপীঠ মিনি স্টেডিয়ামে অনুষ্ঠিত ম্যাচে তেলিয়ামুড়া সাত রানে খোয়াইকে হারিয়েছে।

***************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায়  রাজ্যের সবকটি জেলায় বজ্রবিদ্যুৎ সহ ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩২.৬ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫.৭ ডিগ্রি সেলসিয়াস।

***************************

***************************